দৈনিক ইনকিলাব
২০ JUN 1988
তারিখ
পৃষ্ঠা 5 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষাঙ্গন

## প্রসঙ্গ : মহিলা বিশ্ববিদ্যালয়

রাজধানীর প্রাণকেন্দ্রে অবস্থিত ইডেন গার্লস কলেজ। এইচএসসি, পাসকোর্স, অনার্স এবং মাস্টার অফ আর্টস এই চারটি পর্যায়ে বিভক্ত কলেজটিতে ছাত্রসংখ্যা প্রচুর। যেসব প্রতিভাবান ছাত্রী সুষ্টুভাবে পড়াশোনা করার জন্য এখানে এসে ভর্তি হয়, তাদের ভবিষ্যত বিবেচনা করে এবং প্রয়োজনের সাথে সঙ্গতি রেখে বর্তমানে ইডেন গার্লস কলেজকে মহিলা বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার দাবী উঠেছে।

দেশে নারী শিক্ষার হার ক্রমশঃই বাড়ছে। একটি মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপিত হলে দেশে উচ্চ শিক্ষিত নারীদের সংখ্যা অধিকতর বৃদ্ধি পাবে। তাছাড়া বাংলাদেশ একটি মুসলিম প্রধান রাষ্ট্র। এখানে এমন অনেক পরিবার আছেন, যারা "কো-এডুকেশন"-এর জন্য ভার্সিটিতে মেয়ে পড়াতে দ্বিধাবোধ করেন সুতরাং এক্ষেত্রেও মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয়তা অত্যধিক। তাই ইডেন কলেজকে মহিলা বিশ্ববিদ্যালয়ে পরিণত করার বিষয়টি গভীরভাবে ভেবে দেখার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে আবেদন জানাচ্ছি।

—লীথি,